

ঢাকা ওয়াসা

- ১) মডুস জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেটের কপি।
- ২) বর্তমান বাজার দরের ভিত্তিতে প্রাপ্ত কোটেশন।
- ৩) ঠিকাদারী প্রতিষ্ঠান রিফা এন্টারপ্রাইজ-এর ডকুমেন্টস।
- ৪) Estimate & Calculation Sheet.

বিষয়ঃ Procurement of Desktop computer Set, Printer, Scanner, UPS, Tonner and others related accessories for MODS Zone-4 office, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ নং: ১.০

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডুস জোন-৪ অফিসের বর্তমান নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীসহ সর্বমোট ১৪ জন কর্মকর্তা কর্মরত। ওয়াসার ডিজিটাল ডাইরী সফটওয়্যার এর মাধ্যমে ৩০টি এপ্লিকেশন ব্যবহার করে অফিসিয়াল অধিকাংশ কাজ কম্পিউটার দ্বারা সম্পাদন করার প্রয়োজন হয়। যার দরুন কম্পিউটারের কাজের আধিক্য থাকায় তুলনামূলক কম সময় অধিক কাজের আউটপুট দিতে সক্ষম কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার সংগ্রহ করা প্রয়োজন। যা দ্বারা ডিজিটাল ডাইরী সফটওয়্যার এর মাধ্যমে ৩০টি এপ্লিকেশন ব্যবহার করে অফিসিয়াল কাজের মান আরও ভাল এবং দ্রুততার আশা করা যাচ্ছে। তাই আলোচ্য নথিতে হাই কনফিগারেশনের কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানার এবং আনুসঙ্গিক আইটেম সমূহ সংগ্রহ করার জন্য বর্তমান দর অনুযায়ী ০৩ টি কোটেশন সংগ্রহ করা হয়েছে। উক্ত কোটেশনগুলোর মধ্যে সর্বনিম্ন দরদাতার কোটেশনের ভিত্তিতে নথিতে প্রস্তাব পেশ করা হয়েছে।

অনুচ্ছেদ নং-১.১

আলোচ্য সংগ্রহ কাজটি সমুদয় ব্যয়ভার মডুস জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত মূলধনী ব্যয় বাজেট হেডের সাব-হেড “Computer & Accessories” খাত হতে নির্বাহ করা হবে; যা মডুস জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার A(1) খাতে অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)। আলোচ্য কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/১(ড) ধারা মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) পদ্ধতিতে সম্পন্ন করা হবে। উল্লেখিত সংগ্রহ কাজটি সম্পাদন করার লক্ষ্যে বর্তমান দর অনুযায়ী ০৩ টি কোটেশন সংগ্রহ করা হয়েছে। উক্ত কোটেশনগুলোর মধ্যে সর্বনিম্ন দরদাতার কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳ ৪,৯৯,৭০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার সাতশত টাকা মাত্র) (ক্রমিক নং-৪)।

অনুচ্ছেদ নং-১.২

এমতাবস্থায়, Procurement of Desktop computer Set, Printer, Scanner, UPS, Tonner and others related accessories for MODS Zone-4 office, Dhaka WASA কাজটির নিম্নলিখিত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

- (ক) প্রাক্কলিত ৳ ৪,৯৯,৭০০.০০ (চার লক্ষ নিরানব্বই হাজার সাতশত টাকা মাত্র) টাকা মাত্র এর অনুমোদন।
- (খ) কাজটির সমুদয় ব্যয়ভার মডুস জোন-৪ এর ২০২৫-২৬ অনুমোদিত সংশোধিত বাজেটের “Computer & Accessories” খাত হতে নির্বাহের অনুমোদন।
- (গ) কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/১(ড) ধারা মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান রিফা এন্টারপ্রাইজ (সংযুক্তি-৩) এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় সম্পন্ন করার অনুমোদন। উল্লেখ্য যে, আলোচ্য কাজটির অনুমোদন ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

[Signature]
30.06.26

তৌফিক হাসান
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৪, ঢাকা ওয়াসা।

[Signature]
30.06.2026

সোহরাব হোসেন
সহকারী প্রকৌশলী
মডুস জোন-৪, ঢাকা ওয়াসা।

[Signature]
30.06.2026
মোঃ এমদাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৪, ঢাকা ওয়াসা।

SE (MODS-2)
30.06.2026

[Signature]
30/06/26
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

EE, MODS Zone-4